



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।



## বিজ্ঞপ্তি

তারিখঃ ০৯/০৭/২০২১ খ্রি.

সিরাজগঞ্জ সরকারি কলেজে অধ্যয়নরত স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের সকল শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-০১(১৬২)জাতীঃবিঃপ্রশাঃ/৯২/১/০৫, তারিখঃ ০৮ই জুলাই ২০২১ খ্রি. মোতাবেক (কপি সংযুক্ত) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ সমূহে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর কোভিড-১৯ টিকা গ্রহণ সম্পর্কিত তথ্য পূরণ করতে বলা হয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে বর্ণিত লিংক [http://103.113.200.29/student\\_covidinfo/](http://103.113.200.29/student_covidinfo/)-এ প্রদত্ত ছক পূরণ করে আগামী ১২ই জুলাই ২০২১ তারিখের মধ্যে submit করার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/...  
(প্রফেসর টি.এম. সোহেল)  
অধ্যক্ষ  
সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ।



# জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ



সূত্র নং-০১(১৬২)জাতীয়বিঃ/প্রশাঃ/৯২/১/০৫

তারিখ: ২৪শে আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ই জুলাই ২০২১ খ্রিস্টাব্দ


## অফিস আদেশ

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর সংক্রমণরোধ ও স্বাস্থ্যঝুঁকি এড়াতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণ সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহের জন্য বর্ষিত লিংক [http://103.113.200.29/student\\_covidinfo/](http://103.113.200.29/student_covidinfo/)-এ প্রদত্ত ছক পূরণ করে আগামী ১২ই জুলাই ২০২১ তারিখের মধ্যে **submit** করার জন্য বলা হলো।

বিষয়টি জাতীয় জনগুরুত্বপূর্ণ ও জনস্বাস্থ্য সম্পর্কিত জরুরী বিবেচনায় অধিভুক্ত কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দকে স্ব স্ব কলেজের শিক্ষার্থীদের তথ্য ছক পূরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ-সূত্র নং-০১(১৬২)জাতীয়বিঃ/প্রশাঃ/৯২/১/০৩৯৬, তারিখ: ১৭ই মে ২০২১ অফিস আদেশ মোতাবেক জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/গবেষক, কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা গ্রহণ সংক্রান্ত তথ্যাবলী [www.nubd.info/college](http://www.nubd.info/college) এ **login** করে **College Profile**-এ জরুরীভিত্তিতে অনলাইনে প্রেরণের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অনুরোধ জানানো হয়। এখন পর্যন্ত যেসব কলেজ উপযুক্ত তথ্য **College Profile**-এ **submit** করেনি তাদেরকে অনতিবিলম্বে **submit** করার জন্য বলা হলো।

ভাইস-চ্যান্সেলর-এর নির্দেশক্রমে



০৮/০৭/২০২১

(মোজা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

ফোন: ৯২৯১০১৬, ফ্যাক্স: ৯২৯১০৩৭

মোবাইল: ০১৭১১৮৮৯৯৬৯, আইপি: ২১২২১০৫

e-mail: [registrar@nu.edu.bd](mailto:registrar@nu.edu.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয় (এম.এ.এস, এম.ফিল, পিএইচ.ডি, পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমাসহ সকল অনক্যাম্পাস প্রোগ্রামের গবেষক/শিক্ষার্থীর কোভিড-১৯ টিকা সংক্রান্ত তথ্যাবলী প্রেরণের অনুরোধসহ)
২. ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. অধ্যক্ষ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান।

সূত্র নং-০১(১৬২)জাতীয়বিঃ/প্রশাঃ/৯২/১/০৫

তারিখ: ২৪শে আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
০৮ই জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আদারপাড়া, ঢাকা
৪. উপসচিব (সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (অফিস আদেশটি গ্রুপ ই-মেইলের মাধ্যমে অধিভুক্ত সকল কলেজে প্রেরণ, বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড ও স্ক্রলিং এবং অফিসিয়াল ফেইসবুকে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (অফিস আদেশটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
৮. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. পরিচালক, কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), আইকিউএসি সেল এবং ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. পরিচালক, তথ্য ও সেবা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৪. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৫. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৬. অফিস কপি।



০৮/০৭/২০২১